BCS প্রিলি. লেকচার শিট বাংলাদেশ বিষয়াবলি

লেকচার ১১

Lecture Contents

❑ বাংলাদেশের কৃষিজ, বনজ ও খনিজ সম্পদ

বাংলাদেশের কৃষিজ সম্পদ

কৃষিপ্রধান এদেশের অধিকাংশ মানুষের প্রধান উপজীবিকা কৃষি। শ্রমজীবী মানুষের প্রায় ৪৫.৩৩% (অর্থনৈতিক সমীক্ষা ২০২৩) কৃষির উপর নির্ভরশীল। মোট দেশীয় আয়ের ১১.২০ শতাংশ আসে কৃষি থেকে। মাথাপিছু আবাদি জমির পরিমাণ ০.১৪ একর (১৫ শতাংশ)। খাস জমির পরিমাণ ২ লক্ষ ৬০ হাজার ৩৫৭ হেক্টর। চাষের অযোগ্য জমির পরিমাণ ২৫ লক্ষ ৮০ হাজার একর। ফসল তোলার ঋতু ৩টি যথা- ভাদোই, হৈমন্তিক ও রবি। দেশে খাদ্য উৎপাদনের পরিমাণ ৪৮৪.৯৮ লাখ মেট্রিক টন (২০২২-২৩) বাংলাদেশে আবাদি জমির মধ্যে সেচ দেয়া হয় প্রায় ২০ ভাগ জমিতে *(অর্থনৈতিক সমীক্ষা ২০২৩)*।

কৃষি বিষয়ক বিভিন্ন শব্দ ও পূর্ণরূপ:

SAIC	SAARC Agricultural Information Centre
BINA	Bangladesh Institute of Nuclear Agriculture.
BSRI	Bangladesh Sugarcane Research Institute.
BJRI	Bangladesh Jute Research Institute.
BADC	Bangladesh Agricultural Development Corporation. (1976)
BARI	Bangladesh Agricultural Research Institute. (1970)
BRRI	Bangladesh Rice Research Institute. (1960)
IRRI	International Rice Research Institute.
BARC	Bangladesh Agricultural Research Council.
BMDA	Barind Multipurpose Development Authority.
HYV	High Yield Variety.
IJSG	International Jute Study Group
BTRI	Bangladesh Tea Research Institute.

❑ শস্য উৎপাদন

কৃষিপ্রধান এদেশের অধিকাংশ মানুষের প্রধান উপজীবিকা কৃষি। দেশে করোনাকালে গত বছরের তুলনায় খাদ্য উৎপাদনের ধারা আরো বেড়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে ধান উৎপাদিত হয়েছে ৪১৫.৬৯ (আউশ ৩৬.৯০, আমন ১৬৩.৪৫ এবং বোরো ২১৫.৩৪) লক্ষ মেট্রিক টন যা দেশের ইতিহাসে সর্বোচ্চ। একই সময়ে মোট চাল উৎপাদিত হয়েছে ৪১৫.৬৯ লক্ষ মেট্রিক টন, গম ১১.৬০ লাখ মে. টন, ভূট্টা প্রায় ৫৭.৬৮ লক্ষ মে. টন, আলু বীজ ৩৮.৭২১ লাখ টন, শাকসবজি বীজ ১২৯ মে. টন, তেল জাতীয় বীজ ১৮১৭ মে. টন ও ডাল জাতীয় বীজ ১৯৮৪ মে. টন। *[সূত্র: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩]*

কৃষিজ পণ্য উৎপাদনে দেশের শীর্ষ জেলা

পণ্য উৎপাদন	শীর্ষ জেলা	পণ্য উৎপাদন	শীর্ষ জেলা
ধান	ময়মনসিংহ	আলু	বগুড়া
মাছ	ময়মনসিংহ	কলা	ঝিনাইদহ
পাট	ফরিদপুর	আম	নওগাঁ
গম	ঠাকুরগাঁও	আখ	নাটোর
তুলা	ঝিনাইদহ	সয়াবিন	লক্ষ্মীপুর
তামাক	কুষ্টিয়া	পেয়াজ	ফরিদপুর
কাঁঠাল	গাজীপুর	চিংড়ি	সাতক্ষীরা
চা	মৌলভীবাজার	রেণু ও পোনা	যশোর

❑ রবি শস্য

রবি শস্য বলতে শীতকালীন শস্যকে বুঝায়। শীতকালীন সবজি-মূলা, শালগম, টমেটো, শিম, কপি ইত্যাদি; ডালজাতীয় শস্য-মুগ, মসুর, খেসারী, ছোলা ইত্যাদি; তৈলবীজ শস্য-সরিষা, সয়াবিন, বাদাম প্রভৃতি রবি শস্য।

❑ কৃষিশুমারি

পাকিস্তান আমলে একবার এবং বাংলাদেশ আমলে পাঁচবার-মোট ছয়বার এ ভূখণ্ডে কৃষিশুমারি অনুষ্ঠিত হয়। সালগুলো হলো- ১৯৬০, ১৯৭৭, ১৯৮৩-৮৪, ১৯৯৬, ২০০৮ এবং ২০১৯। এর মধ্যে ১৯৯৭ সালে কেবল পল্লী এলাকায় কৃষিশুমারি অনুষ্ঠিত হয়। দেশের প্রথম অর্থাৎ গ্রাম ও শহরে একযোগে অনুষ্ঠিত হয় ১১-১৫ মে ২০০৮। ৯-২০ জুন ২০১৯ সারাদেশে ষষ্ঠবারের মত অনুষ্ঠিত হয় কৃষি শুমারি যার স্লোগান "কৃষি শুমারি সফল করি সমৃদ্ধ বাংলাদেশ গড়ি।"

❑ জুম চাষ

পাহাড়ি অঞ্চলে বসবাসরত উপজাতি সম্প্রদায়ের ফসল উৎপাদনের এক বিশেষ পদ্ধতি হচ্ছে জুম চাষ। এ পদ্ধতিতে পাহাড়ের গায়ে গর্ত করে এক সাথে কয়েক প্রকার ফসলের বীজ বপন করা হয়। সাধারণত পাহাড়ের ঢালে নির্দিষ্ট দূরত্বে গর্ত করে তাতে একই সাথে কয়েক প্রকারের বীজ বপন করে এবং ফসল পরিপক্ব হলে পর্যায়ক্রমে সংগ্রহ করে। তাদের চাষকৃত ফসলের মধ্যে ধান, তুলা ও তিল প্রধান। উপজাতিরা বছরে দু'বার জুম চাষ করে থাকে।

অর্থকরী ফসল

বাংলাদেশের অর্থকরী কৃষিজ সম্পদ

ফসল	গবেষণা কেন্দ্র
পাট	ঢাকার শেরে বাংলা নগর
চা	শ্রীমঙ্গল
রেশমগুটি/রেশম	রাজশাহী
ইক্ষু	ঈশ্বরদী, পাবনা
তুলা	রংপুর
রাবার	কক্সবাজার
তামাক	রংপুর
ধান	জয়দেবপুর
গম	নশিপুর, দিনাজপুর
কলা	রামপাল, বাগেরহাট
আম	চাঁপাইনবাবগঞ্জ
মসলা	বগুড়া
ভুট্টা	দিনাজপুর
ডাল	ঈশ্বরদী, পাবনা
তৈলবীজ	জয়দেবপুর, গাজীপুর
আলু	রংপুর

পাট

পাট বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল, দ্বিতীয় আলু এবং তৃতীয় চা। পাটজাত মোড়কের ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে ৬টি পণ্য এবং পাটের ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে ১৯টি পণ্য পরিবহনে। বাংলাদেশের মোট আবাদি জমির ৫ শতাংশে পাট চাষ করা হয়। দেশে একর প্রতি পাটের ফলন গড়ে ৬৯৬ কেজি। সাধারণত তিন ধরনের গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয় ১৯৫১ সালে, স্বাধীনতা পরবর্তীকালে ১৯৭৪ সালে এর নামকরণ করা হয় বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট। এ প্রতিষ্ঠান দেশে চারটি উন্নত জাতের পাট উদ্ভাবন করেছে। এগুলো হলো- BKRI তোষা, BJRI -৬, কেনাফজাত (শণপাট), এইচ. সি-৯৫। জাতীয় বীজ বোর্ড দেশী-৮ ও তোষা-৬ নামের পাটের দুটি নতুন জাত অবমুক্ত করে। দেশে সর্বাধিক পাট উৎপন্ন হয় ফরিদপুর। দেশে পাট ও সুতার মিশ্রণে এক ধরনের কাপড় হলো জুটন। এতে পাট ও সুতার অনুপাত ৭০ : ৩০। জুটনের আবিষ্কারক ড. মোহাম্মদ সিদ্দিকুল্লাহ (১৯৮৯ সালে)। একটি কাঁচা পাটের গাইটের ওজন ৪.৫ মণ।

চা

১৮৪০ সালে চট্টগ্রাম ক্লাব প্রাঙ্গণে বাংলাদেশ ভূখণ্ডে প্রথম চা চাষ আরম্ভ হয়। তবে বাণিজ্যিক ভিত্তিতে সিলেটের মালনীছড়ায় দেশের প্রথম চা বাগান প্রতিষ্ঠিত হয় ১৮৫৭ সালে। বর্তমানে দেশে ১৬৮ টি চা বাগান রয়েছে। সর্বশেষ চা বাগান প্রতিষ্ঠিত হয় তিনহটরি, খাগড়াছড়ি। চা চাষের জন্য প্রয়োজন অধিক বৃষ্টিপাতসমৃদ্ধ পাহাড়ি ঢালু অঞ্চল।

বাংলাদেশ চা বোর্ড গঠিত হয় ১৯৭৭ সালে চট্টগ্রামে। বিশ্ববাজারে উৎপাদিত চায়ের মাত্র ২ শতাংশ চা বাংলাদেশে উৎপাদিত হয়।

দেশে সর্বাধিক চা উৎপন্ন হয় মৌলভীবাজার জেলায়। এ জেলার শ্রীমঙ্গল থানায় বাংলাদেশ চা গবেষণা কেন্দ্র অবস্থিত। চা মিউজিয়াম প্রতিষ্ঠিত হয়েছে শ্রীমঙ্গল, মৌলভীবাজার (১৬ সেপ্টেম্বর, ২০০৯)। দেশে প্রথম উৎপাদিত উন্নতজাতের চা হল বিটি-১২।

চা উৎপাদনে বিশ্বে শীর্ষ দেশ চীন, রপ্তানিতে কেনিয়া। বাংলাদেশ চা উৎপাদনে অষ্টম এবং রপ্তানিতে ৭৭তম (লন্ডনভিত্তিক ইন্টারন্যাশনাল টি কমিটি-সর্বশেষ রিপোর্ট)।

বাংলাদেশের চা বাগানের সংখ্যা- ১৬৮টি।

স্থানের নাম	সংখ্যা	স্থানের নাম	সংখ্যা
সিলেট	২০টি	মৌলভীবাজার	৯১টি
হবিগঞ্জ	২২টি	চট্টগ্রাম	২৩টি
রাঙ্গামাটি	১টি	ব্রাহ্মণবাড়িয়া	১টি
পঞ্চগড়	৮টি	ঠাকুরগাঁও	১টি
খাগড়াছড়ি	১ টি		

পঞ্চগড়ে চা বাগান প্রতিষ্ঠা

২ এপ্রিল, ২০০০ আনুষ্ঠানিকভাবে পঞ্চগড় জেলায় চা চাষের ভিত্তি প্রতিষ্ঠা করা হয়। তেঁতুলিয়া থানার বুড়াবুড়ি ইউনিয়নের মাদুলপাড়া এলাকায় চা গাছ রোপণের মধ্য দিয়ে পঞ্চগড় জেলায় চা চাষ শুরু হয়।

তামাক

বাংলাদেশে তামাক উৎপন্ন হয় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, কুষ্টিয়া ও বরিশাল জেলায়। সবচেয়ে বেশি তামাক উৎপন্ন হয় কুষ্টিয়া জেলায়। সুমাত্রা, ম্যানিলা হল উন্নতজাতের তামাক।

রেশম

বাংলাদেশে রেশম গুঁটির চাষ হয় রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, দিনাজপুর, রংপুর, চট্টগ্রাম ও কুমিল্লা অঞ্চলে। সবচেয়ে বেশি রেশম গুঁটির চাষ হয় রাজশাহী। রেশম চাষকে ইংরেজিতে বলা হয় সেরিকালচার। দেশে রেশম বোর্ড প্রতিষ্ঠিত হয় রাজশাহীতে ১৯৭৭ সালে।

রাবার

অধিক বৃষ্টিপাত অঞ্চলে রাবার উৎপন্ন হয়। বাংলাদেশে চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও কক্সবাজারের সন্নিকটে রামু নামক স্থানে রাবার চাষ করা হয়। দেশে প্রথম রাবার বাগান করা হয় কক্সবাজারের রামুতে, ১৯৬১ সালে। এখানে দেশের সর্বাধিক রাবার উৎপন্ন হয়। বাংলাদেশের বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর আওতাধীন রাবার বাগান ১৭টি।

তুলা

বাংলাদেশে যশোর জেলা তুলা চাষের জন্য বিশেষ উপযোগী। কিন্তু বর্তমানে বেশি উৎপাদন হয় ঝিনাইদহ জেলায়। এছাড়া বগুড়া, রংপুর, পাবনা, দিনাজপুর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া ও ময়মনসিংহে তুলা উৎপাদন হয়। তুলা শস্যের দু'টি উন্নত জাত 'রূপালী' ও 'ডেলফোজ'। তুলা উন্নয়ন বোর্ড ১৪ ডিসেম্বর, ১৯৭২ সালে ফার্মগেট, ঢাকায় গঠন করা হয়।

ধান

বাংলাদেশের প্রধান খাদ্যশস্য ধান। বাংলাদেশে আবাদি জমির ৮০ ভাগেই ধানের চাষ করা হয়। বর্তমানে ধান উৎপাদনে বাংলাদেশ বিশ্বের মধ্যে তৃতীয়। সমগ্র দেশে কম-বেশি ধান উৎপন্ন হয়, তবে সবচেয়ে বেশি ধান উৎপন্ন হয় ময়মনসিংহ জেলায়। বাংলাদেশে ধানের শ্রেণীভেদ হলো ৩টি- আমন, আউশ, বোরো । ধান উৎপাদনে চীন বিশ্বে প্রথম, রপ্তানিতে থাইল্যান্ড বিশ্বে প্রথম।

ধান চাষপদ্ধতি এবং উন্নত জাতের ধান উদ্ভাবনের জন্য নিয়মিত কাজ করছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট বা Bangladesh Rice Research Institute (BRRI)। এটি গাজীপুর জেলায় অবস্থিত। BRRI উদ্ভাবিত উন্নত জাতের ধান চান্দিনা, মালা, বিপ্লব, ব্রিশাইল, দুলাভোগ, ব্রিবালাম, আশা, প্রগতি, মুক্তা প্রভৃতি।

❑ হাইব্রিড ধান

হাইব্রিড ধান উদ্ভিদ প্রজননের মাধ্যমে ফলন বৃদ্ধিতে একটি সফল ও যুগান্তকারী প্রযুক্তি। এটি তেজস্ক্রিয় রশ্মি প্রয়োগের মাধ্যমে দুটি ভিন্ন গুণবিশিষ্ট জাতের সংকরায়নের ফলে যে প্রজন্মের উদ্ভব হয় তাকে হাইব্রিড বলা হয়।

❑ নতুন জাতের ধান ইরাটম-২৪

বাংলাদেশ পারমাণবিক কৃষি ইনস্টিটিউট (বিনা) নতুন জাতের ধান ইরাটম-২৪ উদ্ভাবন করেছে। বিনা'র বিজ্ঞানীরা ইরি-৮ ধানের ওপর গামা রশ্মি প্রয়োগ করে স্থানীয়ভাবে এর বৈশিষ্ট্য পরিবর্তনের মাধ্যমে নতুন জাতের এই ধান উদ্ভাবন করেন।

❑ গম

বাংলাদেশে সর্বাধিক গম উৎপন্ন হয় ঠাকুরগাঁও জেলায়। তবে গম গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে দিনাজপুর জেলার নশিপুরে। দেশে উৎপন্ন উচ্চ ফলনশীল জাতের কয়েকটি গম হলো অগ্রণী, আকবর, বরকত, ইনিয়া-৬৬, পাভন-৭৬ আনন্দ, কাঞ্চন, বলাকা, দোয়েল, শতাব্দী সৌরভ প্রভৃতি। দেশে ২০২২-২৩ অর্থ বছরে উৎপন্ন গমের পরিমাণ প্রায় ১১.৬০ লাখ মেট্রিক টন (অর্থনৈতিক সমীক্ষা-২০২৩)।

❑ তৈলবীজ

বাংলাদেশে উৎপাদিত প্রধান প্রধান তৈলবীজ হচ্ছে সরিষা, চীনাবাদাম, তিল, সূর্যমুখী, সয়াবিন, তিসি প্রভৃতি। দেশে তৈলবীজের উৎপাদন একর প্রতি গড়ে ৩৭০ কেজি। আমাদের দেশে তৈলবীজের মধ্যে সরিষার চাষ সর্বাধিক। 'সফল' ও 'অগ্রণী' হলো উন্নত জাতের সরিষা। বাংলাদেশে সাড়ে ৫ লাখ একর জমিতে সরিষা জন্মে।

এক কথায় উত্তর

১. বাংলাদেশের মোট চাষাবাদযোগ্য জমির পরিমাণ কত?
উত্তর: ২ কোটি ১ লক্ষ ৫৭ হাজার একর।

২. বাংলাদেশে বর্তমানে মাথাপিছু আবাদি জমির পরিমাণ কত?
উত্তর: ০.১৪ একর।

৩. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল কত ভাগ মানুষ?
উত্তর: ৮০ ভাগ।

৪. 'খরিপ শস্য' বলতে কী বোঝায়?
উত্তর: গ্রীষ্মকালীন শস্যকে।

৫. 'রবিশস্য' বলতে কী বোঝায়?
উত্তর: শীতকালীন শস্যকে।

৬. জাতীয় বীজ পরীক্ষাগার অবস্থিত কোথায়?
উত্তর: গাজীপুর।

৭. বাংলাদেশের একমাত্র আঞ্চলিক বীজ পরীক্ষাগার কোথায় অবস্থিত?
উত্তর: ঈশ্বরদী, পাবনা।

৮. দেশের বৃহত্তম 'দত্তনগর কৃষি খামার' কোথায় অবস্থিত?
উত্তর: ঝিনাইদহ জেলার মহেশপুর।

৯. 'দত্তনগর কৃষি খামার' কার্যক্রম শুরু হয় কবে?
উত্তর: ১৯৬২ সালে (আয়তন ২৩৩৭)।

১০. স্বর্ণা সারের বৈজ্ঞানিক নাম কী?
উত্তর: ফাইটো হরমোন ইনডিউসার।

১১. স্বাধীন বাংলাদেশে প্রথম কৃষিশুমারি অনুষ্ঠিত হয় কবে?
উত্তর: ১৯৭৭ সালে।

১২. বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রবর্তন করা হয় কত সালে?
উত্তর: ৫ এপ্রিল, ১৯৭৩।

১৩. প্রথম বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার দেয়া হয় কত সালে?
উত্তর: ১৯৭৬ সালে।

১৪. সার্ক কৃষি তথ্যকেন্দ্র (SAIC) কোথায় অবস্থিত?
উত্তর: ফার্মগেট, ঢাকা।

১৫. 'শস্যভাণ্ডার' হিসেবে পরিচিত কোন জেলা?
উত্তর: বরিশাল।

১৬. স্বর্ণা সার আবিষ্কার করেন কে?
উত্তর: বাংলাদেশের বিজ্ঞানী ড. আব্দুল খালেক।

১৭. তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর: ফার্মগেট, ঢাকা।

১৮. বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (BSRTI) কোথায় অবস্থিত?
উত্তর: রাজশাহীতে।

১৯. বাংলাদেশের ডাল গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর: ঈশ্বরদীতে।

২০. বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট (BSRI) প্রতিষ্ঠিত হয় কত সালে?
উত্তর: পাবনার ঈশ্বরদীতে ১৯৫১ সালে।

২১. বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউটের বর্তমান নাম কী?
উত্তর: বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট।

২২. ২০১২ সালে বাংলাদেশ আফ্রিকার কোন দেশে প্রথম কৃষিকাজ শুরু করে?
উত্তর: সেনেগাল।

২৩. BARI-এর পূর্ণরূপ কী?
উত্তর: Bangladesh Agricultural Research Institute.

২৪. 'সোনালী আঁশ' বলা হয়-
উত্তর: পাটকে।

২৫. একটি কাঁচা পাটের গাঁইটের ওজন কত?
উত্তর: সাড়ে চার মণ।

২৬. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয়-
উত্তর: ফরিদপুর জেলায়।

২৭. বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের প্রতিষ্ঠাকাল-
উত্তর: ১৯৭৪ সালে।

২৮. পাট উৎপাদনের বিশ্বের প্রথম দেশ কোনটি?
উত্তর: ভারত।

২৯. পাট রপ্তানিতে বিশ্বের প্রথম দেশ কোনটি?
উত্তর: বাংলাদেশ।

৩০. জুটন আবিষ্কার করেন কে?
উত্তর: ড. মোহাম্মদ সিদ্দিকুল্লাহ।

৩১. এশিয়ার সবচেয়ে বড় পাটকলের নাম কী ছিল?
উত্তর: আদমজী পাটকল, বাংলাদেশ।

৩২. আন্তর্জাতিক পাট সংস্থা (IJO) প্রতিষ্ঠিত হয় কবে?
উত্তর: ১৯৮৪ সালে।

৩৩. IJO- এর বর্তমান নাম কী?
উত্তর: আন্তর্জাতিক জুট স্টাডি গ্রুপ (IJSG).

৩৪. বাংলাদেশের প্রথম চা জাদুঘর যাত্রা শুরু করে কবে?
উত্তর: ১৬ সেপ্টেম্বর, ২০০৯ (শ্রীমঙ্গল, মৌলভীবাজার)।

৩৫. IJSG (International Jute Study Group)-এর সদর দপ্তর কোথায়?
উত্তর: মানিক মিয়া এভিনিউ, শেরেবাংলা নগর, ঢাকা।

৩৬. বাংলাদেশ চা বোর্ড প্রতিষ্ঠিত হয় কবে?
উত্তর: ১৯৭৭ সালে, চট্টগ্রাম।

৩৭. বাংলাদেশের চা সবচেয়ে বেশি রপ্তানি হয় কোন দেশে?
উত্তর: সংযুক্ত আরব আমিরাতে।

৩৮. বাংলাদেশে সর্বপ্রথম চা বাগান প্রতিষ্ঠা করা হয় কত সালে?
উত্তর: ১৮৪০ সালে।

৩৯. বাংলাদেশের প্রথম বাণিজ্যিক চা বাগান প্রতিষ্ঠা করা হয় কোথায়?
উত্তর: সিলেটের মালনীছড়ায়।

৪০. বাংলাদেশে মোট চা বাগানের সংখ্যা কতটি?
উত্তর: ১৬৮টি।

৪১. দেশে উৎপাদিত চায়ের রপ্তানি করা হয়-
উত্তর: ৬৫%।

৪২. বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (BTRI) স্থাপিত হয়-
উত্তর: ১৯৫৭ সালের ২৮ ফেব্রুয়ারি মৌলভীবাজার জেলায়।

৪৩. চা উৎপাদনে বাংলাদেশের দ্বিতীয় স্থান অধিকারী জেলা কোনটি?
উত্তর: পঞ্চগড়।

৪৪. দেশের প্রথম অর্গানিক চা বাগান স্থাপিত হয় কোথায়?
উত্তর: ২০০০ সালে, পঞ্চগড় জেলায়।

৪৫. দেশে চা বাজারজাতকরণের প্রথম নিলাম বাজার কোথায় অবস্থিত?
উত্তর: চট্টগ্রাম। ২য় চা নিলাম বাজার শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৪৬. দেশে চা নিলাম কেন্দ্রের সংখ্যা কতটি?
উত্তর: ৩টি (চট্টগ্রাম, শ্রীমঙ্গল, পঞ্চগড়)।

৪৭. বাংলাদেশে বছরে চা উৎপাদনের পরিমাণ কত?
উত্তর: ১০ কোটি ২৯ লাখ পাউন্ড (প্রায়)।

৪৮. দেশে বর্তমানে চা উৎপাদনের সরাসরি নিযুক্ত শ্রমিকের সংখ্যা কত?
উত্তর: ১ লাখ ২৫ হাজার (প্রায়)।

৪৯. বাংলাদেশ বছরে চা রপ্তানি করে-
উত্তর: ৫ কোটি পাউন্ড।

৫০. বাংলাদেশী চা কোম্পানির মধ্যে বৃহত্তর কোম্পানি কোনটি?
উত্তর: ন্যাশনাল টি কোম্পানি লিমিটেড।

৫১. বাংলাদেশে উৎপাদিত চা কত প্রকার?
উত্তর: দুই প্রকার।

৫২. বাংলাদেশের দ্বিতীয় অর্থকরী ফসল কোনটি?
উত্তর: আলু।

৫৩. বাংলাদেশে সবচেয়ে বেশি আলু উৎপন্ন হয় কোথায়?
উত্তর: বগুড়ায়।

৫৪. যে ব্রিটিশ গভর্নরের উদ্যোগে বাংলায় আলু চাষের বিস্তার লাভ করে?
উত্তর: ওয়ারেন হেস্টিংস।

৫৫. বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর আওতাধীন রাবার বাগান কতটি?
উত্তর: ১৭টি।

৫৬. দেশে প্রথম রাবার বাগান করা হয় কোথায়?
উত্তর: কক্সবাজারের রামুতে।

৫৭. বাংলাদেশে আম গবেষণা কেন্দ্র স্থাপন করা হয় কোথায়?
উত্তর: ১৯৮৫ সালে চাঁপাইনবাবগঞ্জ জেলায়।

৫৮. বাংলাদেশের যে জেলায় বর্তমানে আম উৎপাদন বেশি হয়?
উত্তর: নওগাঁ জেলায় (২০২৩)।

৫৯. তুলা চাষের জন্য বেশি উপযোগী-
উত্তর: যশোর জেলা।

৬০. 'রূপালী' ও 'ডেলফোজ'-
উত্তর: দুটি উন্নতজাতের তুলা শস্য।

৬১. বেশি তামাক উৎপন্ন হয়-
উত্তর: বৃহত্তর কুষ্টিয়া জেলায়।

৬২. রেশম চাষকে বলা হয়-
উত্তর: সেরিকালচার।

৬৩. আম উৎপাদনে বাংলাদেশের অবস্থান কত?
উত্তর: ৯ম (জুন-২০২৩)।

৬৪. BRRI কর্তৃক উদ্ভাবিত প্রথম উন্নত জাতের ধান কোনটি?
উত্তর: ব্রি-৮।

৬৫. বাংলাদেশে হাইব্রিড ধানের চাষ শুরু হয় কবে?
উত্তর: ১৯৯৮ সালের ডিসেম্বরে। এ সময় আলোক-৬২১০ জাতের ধানের চাষ করা হয়।

৬৬. মঙ্গা এলাকার জন্য উপযোগী ধান কোনটি?
উত্তর: বিআর-৩৩।

৬৭. পূর্বাচী ধান আনা হয় কোথা থেকে?
উত্তর: গণচীন থেকে।

৬৮. আউশ ধান রোপণ করা হয় কোথা থেকে?
উত্তর: জুলাই- আগস্টে।

৬৯. রোপা আমন কাটা হয় কখন?
উত্তর: অগ্রহায়ণ-পৌষে।

৭০. সুপার রাইস কী?
উত্তর: উচ্চ ফলনশীল ধান।

৭১. আলোক ৬২১০ ধান আনে-
উত্তর: ব্র্যাক (ভারত থেকে)।

৭২. পাখি ছাড়া 'ময়না' একটি-
উত্তর: উচ্চ ফলনশীল ধান।

৭৩. লবণাক্ততা সহনশীল ধানের জাত কোনটি?
উত্তর: ব্রি-৪৭।

৭৪. জলমগ্ন এলাকায় সহনশীল ধান কোনটি?
উত্তর: বি আর ১১, আর ১।

৭৫. বন্যা পরবর্তী এলাকার জন্য উপযুক্ত ধান কোনটি?
উত্তর: ব্রি-৪৬।

৭৬. জোয়ার ভাটা অঞ্চলের জন্য উপযুক্ত ধান কোনটি?
উত্তর: ব্রি-৪৪, ব্রি-৩৩, ব্রি-১১।

৭৭. বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত লবণাক্ততা সহিষ্ণু ধান কোনটি?
উত্তর: বিনা-৮ ও বিনা-৯।

৭৮. বাংলাদেশে সর্বাধিক গম উৎপাদিত হয় কোথায়?
উত্তর: ঠাকুরগাঁও জেলায়।

৭৯. বাংলাদেশে গম চাষ হয় কোন সময়ে?
উত্তর: শীত মৌসুমে।

৮০. গম গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর: নশিপুর, দিনাজপুর।

৮১. বর্ণালী ও শুভ্র কী?
উত্তর: উন্নত জাতের ভুট্টা।

৮২. ব্র্যাক উদ্ভাবিত হাইব্রিড ভুট্টার নাম কী?
উত্তর: উত্তরণ।

Teacher's Work

১. **বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান আছে?** *(৪৩তম বিসিএস)*
ক চট্টগ্রাম খ সিলেট গ পঞ্চগ্রাম ঘ মৌলভীবাজার **ঘ**

২. **নিম্নোক্ত কোন সালে কৃষিশুমারী অনুষ্ঠিত হয়নি?** *(৪৩তম বিসিএস)*
ক ১৯৭৭ খ ২০০৮ গ ২০১৫ ঘ ২০১৯ **গ**

৩. **বাংলাদেশের চিনি শিল্পের ট্রেনিং ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** *(২৬তম বিসিএস)*
ক দিনাজপুর খ রংপুর গ পাকশী ঘ ঈশ্বরদী **ঘ**

বাংলাদেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠান সমূহ

গাজীপুরের জয়দেবপুরে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। এর প্রতিষ্ঠাকাল ৪ আগস্ট, ১৯৭৬। এটি আমাদের খাদ্য উৎপাদন ও ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর ৮টি শস্য গবেষণা কেন্দ্র, ৬টি আঞ্চলিক গবেষণা কেন্দ্র এবং ২৮ টি উপকেন্দ্র রয়েছে।

❐ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১. BRRI এর সদর দপ্তর গাজীপুর জেলার জয়দেবপুরে অবস্থিত।
২. BRRI এর পূর্ণরূপ Bangaldesh Rice Research Institute।
৩. সারাদেশে BRRI এর ১৭টি আঞ্চলিক কেন্দ্র রয়েছে। যথা- কুমিল্লা, হবিগঞ্জ, সোনাগাজী, ভাঙ্গা, বরিশাল, রাজশাহী, রংপুর, কুষ্টিয়া এবং সাতক্ষীরায় অবস্থিত।
৪. পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয় ১৯৭০ সালের ১ অক্টোবর।
৫. Bangaldesh Rice Research Institute নামকরণ করা হয়- ১৯৭৩ সালে।

❐ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC)

১. BADC-এর পূর্ণরূপ- Bangladesh Agricultural Development Corporation.
২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন একটি- স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।
৩. BADC প্রতিষ্ঠিত হয়- ১৯৬১ সালে।
৪. BADC এর পুনঃনামকরণ করা হয়- ১৯৭৫ সালে।
৫. বাংলাদেশ কৃষি উপকরণ সরবরাহ এবং সেবা কর্পোরেশন থেকে বিএডিসি নামকরণ করা হয়- ১৯৭৬ সালে।
৬. বিএডিসির প্রধান কাজ হলো- সারাদেশে কৃষি উপকরণ উৎপাদন, সংগ্রহ, পরিবহন, সংরক্ষণ ও বিতরণ ব্যবস্থা টেকসই করা এবং অত্যাবশ্যকীয় কৃষি উপকরণ যেমন বীজ, সার সরবরাহ এবং কৃষকের জন্য সেচের সুযোগ সৃষ্টি করা।

❐ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE)

১. DAE-এর পূর্ণরূপ হলো- Department of Agricultural Extension.
২. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাজ- স্থায়ী কৃষি ও আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখার জন্য সকল শ্রেণির চাষীদেরকে চাহিদা অনুযায়ী ফলপ্রসূ ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান করা।
৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অবস্থিত- ফার্মগেট, ঢাকা।

❐ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)

১. বিনার পূর্ণরূপ হলো বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট।
২. বিনার সদর দপ্তর অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে।
৩. বিনার কাজ হলো বাংলাদেশের পারমাণবিক কৌশল কাজে লাগিয়ে কৃষিখাতের উন্নতি।
৪. **বিনা প্রতিষ্ঠিত হয়** ১৯৬১ সালে।
৫. কৃষিতে পারমাণবিক কৌশলের শান্তিপূর্ণ ব্যবহারের মাধ্যমে নতুন অধিক উৎপাদনশীল ফসলের জাত উদ্ভাবন, ভূমি ও পানির উত্তম ব্যবস্থাপনা, ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য নতুন কলাকৌশল উদ্ভাবন এবং ফসলের রোগ ও পোকামাকড় ব্যবস্থাপনা হচ্ছে এই প্রতিষ্ঠানের গবেষণার মূল বিষয়।

গুরুত্বপূর্ণ তথ্য

'স্বর্ণা' সারের উদ্ভাবক : আবদুল খালেক (১৯৮৭ সাল)।
কৃষি উদ্যান : কাশিমপুর, গাজীপুর।
কৃষিনীতি প্রণীত হয় : ১৯৯১ সালে।
কৃষি ব্যাংক প্রতিষ্ঠিত হয় : ১৯৭৩ সালে।
IRDP হল : সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি।
দেশের বৃহত্তম সেচ প্রকল্প : তিস্তা বাঁধ প্রকল্প। এ প্রকল্পের আওতাক্ষেত্র বৃহত্তর রংপুর, দিনাজপুর জেলা।
দেশে কৃষিশুমারি হয়েছে : ছয়টি; এগুলো ১৯৭৭, ১৯৮৬, ১৯৯৭, ২০০২, ২০০৮ ও ২০১৯ সালে অনুষ্ঠিত হয়।

সার্ক কৃষি তথ্যকেন্দ্র অবস্থিত ফার্মগেট, ঢাকা (১৯৮৯) বাংলাদেশ কৃষি তথ্য সার্ভিস প্রতিষ্ঠিত হয় ১৯৬১ সালে।

কৃষি বিষয়ক কিছু সংস্থার অবস্থান

প্রতিষ্ঠানের নাম	অবস্থান
সার্ক কৃষিবিষয়ক কেন্দ্র	ঢাকা, বাংলাদেশ।
সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র-	ঢাকা, বাংলাদেশ।
বাংলাদেশের একমাত্র আঞ্চলিক বীজ পরীক্ষাগার	ঈশ্বরদী, পাবনা।
বাংলাদেশের একমাত্র খাদ্য ও পুষ্টি ইনস্টিটিউট	ঢাকা বিশ্ববিদ্যালয়।
জাতীয় বীজ পরীক্ষাগার	গাজীপুরে।
বাংলাদেশের চা গবেষণা বোর্ড	শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

প্রতিষ্ঠানের নাম	অবস্থান
বাংলাদেশের ডাল গবেষণা কেন্দ্র	ঈশ্বরদী, পাবনা।
বাংলাদেশের মসলা গবেষণা বোর্ড	বগুড়া।
বাংলাদেশের তাঁত গবেষণা কেন্দ্র	কক্সবাজার।
তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর	ফার্মগেট, ঢাকা।
বাংলাদেশের আম গবেষণা কেন্দ্র	চাঁপাইনবাবগঞ্জ।
বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (BSRTI)	রাজশাহীতে।
বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট (BSRI)	ঈশ্বরদী, পাবনা।
বাংলাদেশের গবাদি পশু গবেষণা কেন্দ্র	সাভার, ঢাকা
পাট গবেষণা কেন্দ্র	মানিকগঞ্জ
হরিণ গবেষণা কেন্দ্র	ডুলাহাজারা, কক্সবাজার
লোনা পানির মাছ গবেষণা কেন্দ্র	চাঁদপুর
স্বাদু পানির মাছ গবেষণা কেন্দ্র	ময়মনসিংহ
নদী গবেষণা ইনস্টিটিউট	ফরিদপুর
International Rice Research Institute (IRRI)	ম্যানিলা, ফিলিপাইন (১৯৬০)
Bangladesh Rice Research Institute (BRRI)	জয়দেবপুর, গাজীপুর (১৯৭০)
Bangladesh Agriculture Research Institute (BARI)	জয়দেবপুর, গাজীপুর (১৯৭৬)
আণবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান (বিনা)	বাংলাদেশ কৃষি বিশ্ব. চত্বরে (১৯৭২ সালে)
সার্ক বন গবেষণা কেন্দ্র	ভুটান

বৃহত্তম কৃষি খামার

ঝিনাইদহ জেলার মহেশপুর থানার দত্তনগর কৃষি খামার বাংলাদেশের বৃহত্তম কৃষি খামার। ১৯৬২ সালে এ খামারের কার্যক্রম শুরু হয়। এতে জমির পরিমাণ ২৩৩৭ একর।

ফসলের উচ্চফলনশীল জাত

ধান : হীরা, ময়না, চান্দিনা, মালা, বিপ্লব, ব্রিশাইল, দুলাভোগ, ইরাটম, আশা, প্রগতি, মুক্তা, ব্রি হাইব্রিড ধান- ১, বাউ-১৬, আলোক-৬২১০, সোনার বাংলা-১, সুপার রাইস প্রভৃতি।

গম : বলাকা, দোয়েল, শতাব্দী, অগ্রনী, সোনালিকা, আনন্দ, আকবর, কাঞ্চন।

তামাক : সুমাত্রা ও ম্যানিলা।

আলু : ডায়মন্ড, কার্ডিনেল, কুফরী ও সিন্দুরী।

আম : মহানন্দা, মোহনভোগ, ল্যাংড়া, গোপালভোগ, হিমসাগর, আম্রপালি, হাড়িয়াভাঙ্গা, লক্ষণভোগ, ফজলি।

মরিচ : যমুনা।

টমেটো : বাহার, মানিক, রতন, অপূর্ব, মিন্টো, ঝুমকা, সিন্দুর, ও শ্রাবণী।

বেগুন : ইওরা, শুকতারা ও তারাপুরী।

কলা : অমৃতসাগর, মেহেরসাগর, সবরি, সিঙ্গাপুরী, অগ্নিশ্বর, কানাইবাঁশী, মোহনবাঁশী, বীটজবা।

তরমুজ : পদ্মা, মধুমতী, টপইস্ট, ডব্লিউএম-০০২, ডব্লিউএম-০০৩।

পাট : ধবধবে, ডি-১৫৪, সিলি-৪৫, সিভিই-৩, অ্যাটম পাট-৩৮, সবুজ পাট (সিভিএল ১), ফাল্গুনী তোষা ও ৯৮৯৭ ।

তুলা : রুপালি, ডেলফোজ, ডেল্টা পাইন ১৬, বিএসি ৭।

ভুট্টা : বর্ণালী, শুভ্রা, খই ভুট্টা, মোহর, সুপার সুইট কর্ণ সোয়ান-২, বারিভুট্টা-৫, বারিভুট্টা-৬, বারি হাইব্রিড ভুট্টা-১।

সয়াবিন : ব্রাগ, ডেভিস, সোহাগ, বাংলাদেশ সয়াবিন-৪।

তিসি : নীলা।

সূর্যমুখী : কিরণী (ডিএস-১১)

ফুলকপি : আর্লি স্নোবল, হোয়াইট ব্যারন, ট্রপিক্যাল, রাক্ষুসী, বারী ফুলকপি-১।

কচু : ঝিলাসী, লতিরাজ।

গোলমরিচ : জৈন্তা।

বাঁধাকপি : প্রভাতী, এ্যাটলাস-৭০, গোল্ডেন ক্রস, কে ওয়া ক্রস, গ্রিন এক্সপ্রেস, ড্রামহেড, বারি বাঁধাকপি-১, বারি বাঁধাকপি।

মূলা : তাসাকি সান মূলা-১, মিনু আর্লি, বারি মূলা-১, বারি মূলা-২, বারি মূলা-৩।

হলুদ : ডিমলা, সুন্দরী।

পেয়ারা : কাজী পেয়ারা, স্বরূপকাঠি, কাঞ্চন নগর, মুকুন্দপুরী।

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

- বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (BFRI) প্রতিষ্ঠিত হয়-১৯৮৪ সালে।
- BFRI এর পূর্ণরূপ- Bangladesh Fisheries Research Institute.
- একে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট নামে অভিহিত করা হয়-১৯৯৬ সালে।
- প্রতিষ্ঠাকালে সদর দপ্তর করা হয়- চাঁদপুর নদী কেন্দ্রে।
- এর সদর দপ্তর ময়মনসিংহ স্বাদুপানি কেন্দ্রে স্থানান্তরিত হয়- ১৯৮৬ সালে।

মৎস্য গবেষণা কেন্দ্র ও উপকেন্দ্র

কেন্দ্রের নাম	স্বাদু পানির মাছ চাষ গবেষণা	সদর দপ্তর
১. স্বাদু পানি কেন্দ্র	স্বাদু পানির মাছ চাষ গবেষণা	ময়মনসিংহ
২. নদী কেন্দ্র	নদীর মৎস্য সম্পদ ব্যবস্থাপনা উন্নয়নের গবেষণা	চাঁদপুর
৩. লোনা পানি কেন্দ্র	লোনা পানির মাছ গবেষণা	পাইকগাছা, খুলনা
৪. সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র	সমুদ্রের মাছ চাষ ও সংগ্রহ, উৎপন্ন পণ্য উন্নয়ন ও গুণগত মান নিয়ন্ত্রণ বিষয়ক গবেষণা	কক্সবাজার
৫. চিংড়ি গবেষণা কেন্দ্র	চিংড়ি গবেষণা	বাগেরহাট

উপকেন্দ্রগুলো হলো–

- রাঙ্গামাটি কাপ্তাই লেক উপকেন্দ্র (রাঙ্গামাটি)।
- সাস্তাহার প্লাবনভূমি উপকেন্দ্র (বগুড়া)।
- খেপুপাড়া নদী উপকেন্দ্র (পটুয়াখালী)।
- যশোর স্বাদুপানি উপকেন্দ্র (যশোর)।
- সৈয়দপুর স্বাদুপানি উপকেন্দ্র (নীলফামারী)।

খাদ্যশস্য উৎপাদন

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), কৃষি মন্ত্রণালয় ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর সমন্বিত হিসাব অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে খাদ্যশস্যের মোট উৎপাদন হয়েছে ৪৮৫.৯৬ লক্ষ মেট্রিক টন। এর মধ্যে আউশ ৩২.৪৫ লক্ষ মেট্রিক টন, আমন ১৪৯.৫৮ লক্ষ মেট্রিক টন, বোরো ২০৯.৭৭ লক্ষ মেট্রিক টন এবং গম ১০.৮৬ লক্ষ মেট্রিক টন ২০২২-২৩ অর্থবছরে খাদ্যশস্য উৎপাদন এর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪৮৪.৯৮ লক্ষ মেট্রিক টন, যার মধ্যে আউশ ৩৬.৯০ লক্ষ মেট্রিক টন, আমন ১৬৩.৪৫ লক্ষ মেট্রিক

টন, বোরো ২১৫.৩৪ লক্ষ মেট্রিক টন ও গম ১১.৬০ লক্ষ মেট্রিক টন। সারণি ৭.১ এবং লেখচিত্র ৭.১-এ খাদ্যশস্য উৎপাদনের পরিসংখ্যান দেখানো হলো-

সারণি: খাদ্যশস্য উৎপাদন

খাদ্য শস্য	২০২২-২৩ (লক্ষ্যমাত্রা)
আউশ	৩৬.৯০ লক্ষ মেট্রিক টন
আমন	১৬৩.৪৫ লক্ষ মেট্রিক টন
বোরো	২১৫.৩৪ লক্ষ মেট্রিক টন
মোট চাল	৪১৫.৬৯ লক্ষ মেট্রিক টন
গম	১১.৬০ লক্ষ মেট্রিক টন
ভুট্টা	৫৭.৬৮ লক্ষ মেট্রিক টন
মোট	৪৮৪.৯৮ লক্ষ মেট্রিক টন

[অর্থনৈতিক সমীক্ষা ২০২৩]

❑ খাদ্য ব্যবস্থাপনা

অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ:

গত ২০২১-২২ অর্থবছরের বাজেটে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিলো ১৯.২৩ লক্ষ মেট্রিক টন (চাল ১৮.২৩ লক্ষ মেট্রিক টন এবং গম ১.০০ লক্ষ মেট্রিক টন)। তন্মধ্যে বোরো এবং আমন ফসল থেকে ২০.২০ লক্ষ মেট্রিক টন চাল সংগৃহীত হয়েছে।

❑ খাদ্যশস্য আমদানি

গত ২০২২-২৩ অর্থবছরে (ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত) সার্বিকভাবে সরকারি ব্যবস্থাপনায় দেশে খাদ্যশস্য আমদানির পরিমাণ দাঁড়িয়েছে ১১.৫৬ লক্ষ মেট্রিক টন, (চাল ৫.৮৩ লক্ষ মেট্রিক টন ও গম ৫.৭৩ লক্ষ মেট্রিক টন)। বেসরকারি খাতে ৪.১৪ লক্ষ মে.টন চাল ও ১৩.৩৯ লক্ষ মে. টন গম সহ মোট ২৯.০৯ লক্ষ মে.টন খাদ্যশস্য আমদানি করা হয়েছে (অর্থনৈতিক সমীক্ষা-২০২৩)।

❑ সরকারি খাদ্যশস্য বিতরণ

সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থার বিভিন্ন চ্যানেলে নির্ধারিত আয়ের সরকারি কর্মচারি ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর জন্য সরকার খাদ্য সহায়তা দিয়ে থাকে। এর আওতায় নগদ সহায়তা (Monetised) আকারে (ওএমএস, ফেয়ার প্রাইজ কার্ড, ৪র্থ শ্রেণি কর্মচারী, মুক্তিযোদ্ধা, গার্মেন্টস শ্রমিক ও অন্যান্য) এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী বা সরাসরি খাদ্য সহায়তা (non-monetised) হিসেবে (কাজের বিনিময়ে খাদ্য-কাবিখা, টিআর, ভিজিএফ, ভিজিডি, জিআর ও অন্যান্য) খাদ্যশস্য বিতরণের সংস্থান রাখা হয়।

গত ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে সরকারিভাবে ৩২.৭৫ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণের সংশোধিত বাজেটের বিপরীতে ৩০.৭৭ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ করা হয় (আর্থিক খাতে ২০.৪৭ লক্ষ মেট্রিক টন এবং ত্রাণমূলক খাতে ১০.২৩ লক্ষ মেট্রিক টন)। চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ৩২.৮১ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণের সংস্থান রাখা হয়েছে। এর বিপরীতে ২৮ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত আর্থিক (Monetised) খাতে ১৩.৯০ লক্ষ মেট্রিক টন এবং ত্রাণমূলক (Non-monetised) খাতে ৫.৪৬ লক্ষ মেট্রিক টন, সর্বমোট ১৯.৩৬ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ করা হয়েছে।

❑ খাদ্যশস্য ধারণ ক্ষমতা:

২০২২-২৩ অর্থবছরের ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত খাদ্য গুদামসমূহের মোট ধারণক্ষমতার পরিমাণ দাঁড়িয়েছে ২১.৫৯ লক্ষ মেট্রিক টন। যা ২০২১-২২ অর্থবছরে একই সময়ে ছিল ২১.৮৬ লক্ষ মেট্রিক টন।

❑ নিরাপদ খাদ্য

জনসাধারণের জন্য ভেজালমুক্ত ও নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে 'নিরাপদ খাদ্য আইন, ২০১৩' গত ১ ফেব্রুয়ারি ২০১৫ থেকে কার্যকর করা হয়েছে এবং ২ ফেব্রুয়ারি, ২০১৫ থেকে 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ' প্রতিষ্ঠা করা হয়েছে।

সমগ্র দেশে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার স্বার্থে সকল খাদ্য ও খাদ্য উপাদান উৎপাদন, প্রক্রিয়াকরণ, প্রস্তুতকরণ ও বিপণন ইত্যাদি কার্যক্রম পরিবীক্ষণ এবং উৎকৃষ্ট পদ্ধতির অনুশীলন ও তা অনুশীলনে উপাত্ত বিশ্লেষণ, সমাধান প্রভৃতি কার্যক্রম 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ' এর দায়িত্বের মধ্যে থাকবে।

বিভিন্ন কালচার

মৌমাছি চাষ	এপিকালচার (Apiculture)
রেশম চাষ	সেরিকালচার (Sericulture)
মৎস্য চাষ	পিসিকালচার (Pisiciculture)
উদ্যানতত্ত্ব	হর্টিকালচার (Horticulture)
পাখি চাষ	এভিকালচার (Aviculture)
চিংড়ি চাষ	প্রনকালচার (Prawnculture)

বাংলাদেশের প্রাণিজ সম্পদ

বাংলাদেশের গবাদি পশুর ভ্রূণ প্রথম বদল করা হয়	৫ মে, ১৯৯৫ সালে
বাংলাদেশ গবাদি পশু গবেষণা ইনস্টিটিউট অবস্থিত	ঢাকার সাভারে
কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার অবস্থিত	ঢাকার সাভারে
দুগ্ধজাত সামগ্রীর জন্য বিখ্যাত লাহিড়ীমোহন হাট অবস্থিত	পাবনায়
গোচারণের জন্য বাথান আছে	পাবনা ও সিরাজগঞ্জে
মহিষ প্রজনন কেন্দ্র অবস্থিত	বাগেরহাটে
ছাগল প্রজনন কেন্দ্র অবস্থিত	সিলেটের টিলাগড়ে
ছাগল উন্নয়ন ও পাঠা কেন্দ্র অবস্থিত	রাজবাড়ি হাট
বন্যপ্রাণি প্রজনন কেন্দ্র (সরকারি) অবস্থিত	করমজল, সুন্দরবন
হরিণ প্রজনন কেন্দ্র অবস্থিত	কক্সবাজার জেলার ডুলাহাজরায়
কুমির প্রজনন কেন্দ্র অবস্থিত	ময়মনসিংহের ভালুকায়
গাধা প্রতিপালন কেন্দ্র অবস্থিত	রাঙামাটি জেলায়
উন্নত জাতের গাভী	হরিয়ানা, সিন্ধী, ফ্রিসিয়ান, হিসাব, জারসি, শাহীওয়াল, আয়ের শায়ের ইত্যাদি।
সবচেয়ে বেশি দুগ্ধ প্রদানকারী গাভীর জাত-	ফ্রিসিয়ান।
ব্রয়লার	যে সকল মুরগী কেবল মাংস উৎপাদনে ব্যবহৃত হয়, তাদের ব্রয়লার বলে।
উন্নত জাতের ব্রয়লার মুরগী	হাইব্রো, স্টার ব্রো, ইন্ডিয়ান রোভার, মিনিব্রো
লেয়ার-	ডিমপাড়া মুরগীকে লেয়ার বলে।
সবচেয়ে বেশি ডিম দেয়	লেগহর্ণ

মাংস ও ডিম উভয়টি পাওয়া যায়	রোড আইল্যান্ড রেড এবং অস্টরলক জাতের মুরগী থেকে
যমুনাপাড়ী ছাগলের অপর নাম	রামছাগল
ব্লাক বেঙ্গল	এক ধরনের ছাগল
বনরুই	এক ধরনের বিড়াল
ঘড়িয়াল দেখা যায়	পদ্মা নদীতে
মুরগীর রোগ	রাণীক্ষেত, বসন্ত, রক্তআমাশয়, কলেরা, বার্ড ফ্লু ইত্যাদি
হাঁসের রোগ	ডাক প্লেগ, রোপা
গবাদি পশুর রোগ	গো-বসন্ত, যক্ষ্মা, ব্লাককোয়াটার, অ্যানথ্রাক্স ইত্যাদি।

বাংলাদেশের পানিসম্পদ

সকল জীবের অস্তিত্বের জন্য পানি অপরিহার্য একটি প্রাকৃতিক উপাদান। আমাদের ভূ-মণ্ডলে, তথা প্রাকৃতিক পরিবেশ পারিপার্শ্বিকতার অন্তর্গত যতগুলো উপাদান আছে তার মধ্যে পানি হলো একক অপরিহার্য একটি উপাদান। এর উপর টিকে আছে জাগতিক সকল জীবন, বলা যায় বেশির ভাগ বস্তু ও জীব। বাংলাদেশকে বলা হয় নদীমাতৃক দেশ। সুপ্রাচীনকাল থেকেই দেশের শিল্প, কৃষি সকল ক্ষেত্র নদী বা পানির উপর নির্ভরশীল। অনেকগুলো নদী বাংলাদেশ-ভারত উভয়ের মধ্যদিয়ে প্রবাহিত কিন্তু বাংলাদেশ তার ভৌগোলিক বা ভূ-প্রাকৃতিক কারণে ভাটির দেশে পরিণত হয়েছে। বাংলাদেশ ভূ-প্রাকৃতিকভাবে নিম্নাঞ্চল ও বটে। যৌথ নদী কমিশনের মতে বাংলাদেশে ৫৭টি নদীর আন্তঃসীমান্ত সংযোগ রয়েছে। যার মধ্যে ৫৪টি নদী ভারতীয় ভূখণ্ড হতে এদেশে প্রবেশ করেছে এবং মায়ানমার হতে ৩টি নদী বাংলাদেশে প্রবেশ করেছে।

বাংলাদেশের পানি শোধনাগার

পানি শোধনাগার	নির্মাণকাল	Key points
১. চাঁদনীঘাট, ঢাকা	১৮৭৪ খ্রিঃ	বাংলাদেশের প্রথম পানি শোধনাগার
২. সোনাকান্দা, নারায়ণগঞ্জ	১৯২৯ খ্রিঃ	
৩. গোদানাইল, নারায়ণগঞ্জ	১৯৮৯ খ্রিঃ	
৪. সায়েদাবাদ, ঢাকা	২০০২ খ্রিঃ	বাংলাদেশের বৃহত্তম পানি শোধনাগার
৫. জশলদিয়া, লৌহজং, মুন্সিগঞ্জ	২০১৫ খ্রিঃ	

সেচ প্রকল্প, বাঁধ ও বন্যা নিয়ন্ত্রণ

যৌথ নদী কমিশন

বাংলাদেশ-ভারত যৌথ নদী কমিশন ১৯৭২ সালে গঠিত হয়। বাংলাদেশে প্রবাহিত অভিন্ন ৫৭ টি নদীর ৫৪ টিই ভারত হতে এসেছে। এ পর্যন্ত যৌথ নদী কমিশনের যেসব পদক্ষেপ গ্রহণ করেছে সেগুলো হলো-১) গঙ্গা ও তিস্তা নদীর যৌথ জরিপ, ২) বন্যা নিয়ন্ত্রণ ও পানি সম্পদের উন্নয়নের দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন ৩) শুষ্ক মৌসুমে পানি প্রবাহ বৃদ্ধির সম্ভাবনা পরীক্ষা, ৪) নদীর ধারাপথের উন্নতি সাধন, ৫) সীমান্ত নদী সম্পর্কে আলোচনা ও সমাধানের উদ্ভাবন।

গঙ্গা-কপোতাক্ষ পরিকল্পনা

গঙ্গা-কপোতাক্ষ প্রকল্পের কাজ শুরু হয় ১৯৫৪ সালে। প্রকল্পের আওতায় কুষ্টিয়া জেলার ভেড়ামারায় হার্ডিঞ্জ সেতুর কাছে পদ্মা নদীতে পাম্পের সাহায্যে পানি তুলে খালে প্রেরণের ব্যবস্থা করা হয়েছে। মজে যাওয়া কপোতাক্ষ নদকে প্রধান খাল হিসেবে ব্যবহার এবং কয়েকটি উপখালের জন্য খননকার্য পরিচালনা করা হয়। এটি বর্তমানে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সেচ প্রকল্প।

তিস্তা বাঁধ প্রকল্প

তিস্তা বাঁধ প্রকল্প বর্তমানে বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প। এ প্রকল্পের মূল পরিকল্পনা ১৯৩৫ সালে তৈরি করা হয়। ১৯৮০ সালে প্রকল্পে অর্থায়নের ব্যবস্থা করা হলে ভৌত কাজ শুরু হয়। ১৯৯৬ সালের জুনে প্রথম পর্যায়ের কাজ শেষ হয়। এটি দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের বৃহত্তর রংপুর ও দিনাজপুর জেলার ৩৫ টি থানার ৫৪০৫ বর্গকিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত।

ফ্লাড অ্যাকশন প্ল্যান

Flood Action Plan নদী শাসন কার্যক্রমের একটি প্রকল্প। প্রকল্পের আওতায় বগুড়া জেলার সারিয়াকান্দি থানার কালিতলা নামক স্থানে গ্রোয়েন উন্নয়ন, ব্রহ্মপুত্র ও বাঙ্গালী নদীর একত্রীকরণ রোধ এবং বগুড়ার মাথুরাড়ায় ও সিরাজগঞ্জে নদীরতীর সংরক্ষণের কাজ করার পরিকল্পনা গ্রহণ করা হয়। ১৯৯৫ সালের বন্যায় ফ্লাড অ্যাকশন প্লান এর নদী শাসন প্রকল্প গাইবান্ধায় ভেঙ্গে পড়ে।

এক কথায় উত্তর

১. **কোন জাতের ছাগল বাংলাদেশে সবচেয়ে বেশি পাওয়া যায়?**
উত্তর: ব্ল্যাক বেঙ্গল বা কালো জাতের ছাগল।

২. **বাংলাদেশের হরিণ প্রজনন কেন্দ্রটি অবস্থিত কোথায়?**
উত্তর: কক্সবাজার জেলার চকোরিয়াতে।

৩. **বাংলাদেশের একমাত্র সরকারি মহিষ প্রজনন ও উন্নয়ন খামার কোথায় অবস্থিত?**
উত্তর: ফকিরহাট, বাগেরহাট।

৪. **মৎস্য অধিদপ্তর-এর ইংরেজি নাম কী?**
উত্তর: Department of Fisheries.

৫. **প্রাণিসম্পদ অধিদপ্তর এর ইংরেজি নাম কী?**
উত্তর: Department of Livestock Services (DLS).

৬. **প্রাণিসম্পদ অধিদপ্তর কোথায় অবস্থিত?**
উত্তর: ফার্মগেট, ঢাকা।

৭. **পশুসম্পদ অধিদপ্তরের বর্তমান নাম কী?**
উত্তর: প্রাণিসম্পদ অধিদপ্তর।

৮. **বাংলাদেশের গবাদি পশুতে প্রথম ভ্রূণ বদল করা হয় কবে?**
উত্তর: ৫ মে, ১৯৯৫।

৯. **পৃথিবীর কোন অঞ্চল থেকে বাংলাদেশে অতিথি পাখি আসে?**
উত্তর: সাইবেরিয়া থেকে।

১০. **বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার প্রথম ওয়াইল্ড লাইফ রেসকিউ সেন্টার কোথায়?**
উত্তর: জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

১১. মহিষ প্রজনন ও উন্নয়ন খামার কবে স্থাপিত হয়?

উত্তর: ১৯৮৪ সালে (আয়তন ৮০ একর)।

১২. বাংলাদেশে পানি সম্পদের চাহিদা সবচেয়ে বেশি কোন খাতে?

উত্তর: কৃষি খাতে।

১৩. বাংলাদেশে পানীয় জলের জন্য অধিকাংশ মানুষ কিসের উপর নির্ভর করে?

উত্তর: নলকূপের পানির উপর।

১৪. বাংলাদেশের পানিতে বিপজ্জনক মাত্রার চেয়ে বেশি আর্সেনিক পাওয়া গেছে কোন পানিতে?

উত্তর: অগভীর নলকূপের পানিতে।

১৫. বাংলাদেশে নলকূপের পানিতে প্রথম আর্সেনিক ধরা পড়ে কবে?

উত্তর: ১৯৯৩ সালে, চাঁপাইনবাবগঞ্জ জেলায়।

১৬. পানিতে স্বাভাবিকমাত্রার চেয়ে বেশি আর্সেনিক পাওয়া গেছে কতটি জেলায়?

উত্তর: ৬১ টি জেলায়।

১৭. পানিতে মাত্রাতিরিক্ত আর্সেনিক পাওয়া যায়নি কতটি জেলায়?

উত্তর: ৩টি জেলায়। যথা-রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলায়।

১৮. বাংলাদেশে সর্বাধিক আর্সেনিক আক্রান্ত জেলা কোনটি?

উত্তর: চাঁদপুর।

১৯. তুলা উন্নয়ন বোর্ড গঠিত হয় কবে?

উত্তর: ১৯৭২ সালের ১৪ ডিসেম্বর (ঢাকার ফার্মগেট)। এটি কৃষি মন্ত্রণালয়ের অধীনে।

২০. সর্বাধিক আখ উৎপন্ন হয় কোথায়?

উত্তর: নাটোর।

২১. সর্বাধিক কলা উৎপন্ন হয় কোথায়?

উত্তর: ঝিনাইদহ (বর্তমান)।

২২. 'উত্তরা' কী?

উত্তর: উন্নত জাতের বেগুন।

২৩. সবচেয়ে বেশি আনারস উৎপন্ন হয় কোথায়?

উত্তর: পার্বত্য চট্টগ্রাম ও সিলেট অঞ্চলে।

২৪. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)-এর মতে, পানিতে আর্সেনিকের গ্রহণযোগ্য মাত্রা কত?

উত্তর: ০.০১ মি.গ্রা./লিটার।

২৫. বাংলাদেশের খাবার পানিতে আর্সেনিকের মাত্রা কত?

উত্তর: ০.০৫ মি.গ্রা./লিটার।

২৬. বাংলাদেশে সর্বপ্রথম আর্সেনিক ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হয় কোথায়?

উত্তর: গোপালগঞ্জের টুঙ্গিপাড়া স্বাস্থ্য কমপ্লেক্সে।

২৭. আর্সেনিক দূরীকরণে সনো ফিল্টারের উদ্ভাবক কে?

উত্তর: প্রফেসর আবুল হুসসাম।

২৮. আর্সেনিক দূরীকরণে আর্থ ফিল্টারের উদ্ভাবক কে?

উত্তর: অধ্যাপক দুলালী চৌধুরী।

২৯. বাংলাদেশের প্রথম সেচ প্রকল্প কোনটি?

উত্তর: গঙ্গা-কপোতাক্ষ (G-K) সেচ প্রকল্প, ১৯৫৪ সালে স্থাপিত হয়।

৩০. GK প্রকল্পের আওতাভুক্ত অঞ্চল-

উত্তর: কুষ্টিয়া, যশোর ও খুলনা।

৩১. বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প কোনটি?

উত্তর: তিস্তা বাঁধ প্রকল্প।

৩২. তিস্তা বাঁধ কোথায় অবস্থিত?

উত্তর: লালমনিরহাট জেলায়।

৩৩. তিস্তা বাঁধ প্রকল্পে আওতাভুক্ত অঞ্চল কোনটি?

উত্তর: রংপুর ও দিনাজপুর।

৩৪. তিস্তা বাঁধ প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয় কবে?

উত্তর: ১৯৫৯-৬০ সালে।

৩৫. তিস্তা বাঁধ প্রকল্প উদ্বোধন করা হয় কবে?

উত্তর: ৫ আগস্ট, ১৯৯০।

৩৬. DND বাঁধের পুরো নাম কী?

উত্তর: ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা।

৩৭. বাকল্যান্ড বাঁধ অবস্থিত?

উত্তর: বুড়িগঙ্গা নদীর তীরে ব্রিটিশ আমলে বাঁধ নির্মাণ করা হয়।

Teacher's Work

১. অগ্নিশ্বর, কানাইবাঁসী, মোহনবাঁসী ও বীটজবা কী জাতীয় ফলের নাম? *(৩৬, ১০তম বিসিএস)*

ক) কলা | খ) পেয়ারা | গ) পেঁপে | ঘ) জামরুল — **খ**

২. ফিশারিজ ট্রেনিং ইনস্টিটিউট কোথায় অবস্থিত? *(৩৬তম বিসিএস)*

ক) খুলনায় | খ) ঢাকায় | গ) নারায়ণগঞ্জ | ঘ) চাঁদপুর — **ঘ**

৩. বাংলাদেশের কোন অঞ্চলে গো-চরণের জন্য বাথান আছে? *(১৯তম বিসিএস)*

ক) দিনাজপুর | খ) পাবনা-সিরাজগঞ্জ | গ) বরিশাল | ঘ) ফরিদপুর — **খ**

বাংলাদেশের বনজ সম্পদ

বাংলাদেশের বনজ সম্পদ

বাংলাদেশের বনাঞ্চল মূলত ক্রান্তীয় বনেরই অন্তর্ভুক্ত। এই বনাঞ্চল পৃথিবীর সবচেয়ে উৎপাদনশীল ও ফলবান অঞ্চল। এখানে সূর্যের খাড়া তাপ পড়ে। প্রায় সারা বছর ধরে গরম আবহাওয়া বিরাজমান। বাংলাদেশে মোট স্থলভাগের ২৫ শতাংশ বনভূমির প্রয়োজনীয়তা থাকলেও, বাস্তবে মাত্র ১৫ শতাংশের কিছু বেশি পরিমাণ বনাঞ্চল রয়েছে। বাংলাদেশে মাথাপিছু বনভূমির পরিমাণ প্রায় ০.০২ হেক্টর। দেশের বনাঞ্চলের প্রায় ৪৭ শতাংশ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে, সুন্দরবন ও পটুয়াখালী উপকূল এলাকায় ২৭ শতাংশ এবং পশ্চিম ও উত্তর পশ্চিমাঞ্চলীয় জেলাসমূহে রয়েছে ২ শতাংশ। বাকী সব রাস্তা, বাঁধ ও অন্যত্র ছড়িয়ে ছিটিয়ে রয়েছে।

শ্রেণি বিভাগ:

গোষ্ঠী অনুযায়ী বাংলাদেশের বনভূমিকে ৩টি শ্রেণিতে বিভক্ত করা যায়। যথা-

১. ক্রান্তীয় চিরহরিৎ ও পর্ণমোচী বৃক্ষের বনভূমি।
২. ক্রান্তীয় পাতাঝড়া বৃক্ষের বনভূমি।
৩. উপকূলীয় ম্যানগ্রোভ বন।

ক্রান্তীয় প্রায়-চিরহরিৎ বন :

অবস্থান	সিলেট, চট্টগ্রাম, কক্সবাজার ও পার্বত্য চট্টগ্রামে।
প্রধান প্রধান বৃক্ষ	চাপালিশ, তেলসুর, ময়না, গর্জন, গামার, জঙ্গল, বাঁশ, বেত প্রভৃতি।
চিরহরিৎ উদ্ভিদের ধরন	পাতা একসঙ্গে ঝরে পড়ে না। পাতাগুলো চির সবুজ থাকে।
এ বনের অর্থনৈতিক গুরুত্ব	বাঁশ : চন্দ্রঘোনা কাগজকলে পার্বত্য চট্টগ্রামের বাঁশ ব্যবহৃত হয়। গামারি ও চাপালিশ : নৌকা ও সাম্পান তৈরিতে ব্যবহৃত হয়। গর্জন ও জারুল : রেলের স্লিপার তৈরিতে ব্যবহৃত হয়।
প্রাণী	প্রধান প্রাণী হাতি হলেও Hog deer ও Barking deer দেখতে পাওয়া যায়।

ক্রান্তীয় পাতাঝরা বৃক্ষের বনভূমি :

অবস্থান	ময়মনসিংহ, টাঙ্গাইল, মধুপুর, গাজীপুর জেলার ভাওয়ালের গড়।
প্রধান বৃক্ষ	শাল
উদ্ভিদের ধরন	পাতা একবারে ঝরে যায়।
শালবৃক্ষের জন্য বিখ্যাত	ভাওয়াল ও মধুপুরের বনভূমি।
সবচেয়ে বেশি শাল বৃক্ষ আছে	ভাওয়াল বনে।
মধুপুর ও গাজীপুরের ভাওয়াল বনভূমি	পত্রঝরা বনভূমি।
এ বনভূমির গাছগুলো হলো	কড়ই, হিজল, বহেরা, হরিতকি, কাঁঠাল, নিম, কুর্চি, ছাতিম প্রভৃতি।
এ বনের বৃক্ষের অর্থনৈতিক গুরুত্ব	শাল কাঠ: ঘর তৈরিতে, বৈদ্যুতিক খুঁটি হিসেবে ব্যবহৃত হয়। কুর্চি: ছাতার বাট তৈরিতে ব্যবহৃত হয়। ছাতিম: টেক্সটাইল মিলে ব্যবহৃত হয়।

বনজ সম্পদের ব্যবহার

বাঁশ ও ঘাস	:	কর্ণফুলী ও সিলেট কাগজ কলের কাঁচামাল হিসেবে।
গর্জন ও জারুল	:	রেলপথের স্লিপার তৈরিতে
চাপালিশ ও গামারি	:	সাম্পান ও নৌকা তৈরিতে
সেগুন	:	আসবাবপত্র তৈরিতে
শাল	:	গৃহ, টেলিফোন, বৈদ্যুতিক তারের খুঁটি ও আসবাবপত্র তৈরিতে।
গেওয়া, ধুন্দল ও শিমুল	:	দিয়াশলাই তৈরিতে, পেন্সিল তৈরিতে ঘরের
গোলপাতা	:	ছাউনি হিসেবে
কুর্চি	:	ছাতার বাট তৈরিতে।
ছাতিম	:	টেক্সটাইল তৈরিতে।

মধুপুর ও ভাওয়াল গড় :

১. এ বনের আয়তন হলো ৪,১০৩ বর্গ কি. মি।
২. এ বনের অবস্থান হলো টাঙ্গাইল, গাজীপুর, ময়মনসিংহ জেলা।
৩. এ বনের প্রধান বৃক্ষ হলো শাল বা গজারি।

বরেন্দ্র অঞ্চল :

১. এ বনের আয়তন হলো ৯,৩২০ বর্গকি.মি.।
২. এ বনের অবস্থান রাজশাহী,পাবনা, বগুড়া, দিনাজপুর, রংপুর জেলায়।
৩. এ বনের মূল গাছ হলো শাল বা গজারি।

পার্বত্য বন:

১. এ বনের আয়তন হলো - ১৩,৩৫৫ বর্গ.কি.মি.।
২. এ বনের অবস্থান হলো - পার্বত্য চট্টগ্রামে।
